গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ভূমি মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................................ ২১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

রূপকল্প-২০২১ বাস্তবায়ন ও দেশ ব্যাপি ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা প্রবর্তনে ভূমি মন্ত্রণালয় অগ্রণী ভূমিকা পালন করছে। ডিজিটাল পদ্ধতিতে রেকর্ড হালকরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে অপদখলীয় ও অমিমাংসিত সীমানা নির্ধারণের লক্ষ্যে অপদখলীয় ও অমিমাংসিত এলাকায় ১১২৪টি স্ট্রিপম্যাপ উভয় দেশের প্রতিনিধি দ্বারা যৌথ স্বাক্ষরিত হয়েছে। প্রায় ৬৫ হাজার ভূমিহীনকে খাসজমি বন্দোবস্ত প্রদানসহ ৯১টি গুচ্ছগ্রামে ৩৫৩১টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। ৪১০৫৪ টি মৌজা জরিপ, ৩৫৫৩৬টি মৌজার খতিয়ান প্রস্তুত, ২৫,৩৫২টি মৌজার খতিয়ান মূদ্রণ ও ২০৭৯৪টি মৌজার গেজেট প্রকাশ করা হয়েছে। তাছাড়া প্রিন্টিং এর জন্য হেইডেলবার্গ মেশিন স্থাপনসহ ১,১৫,০২৫টি ম্যাপ স্ক্যান, ৪,৩৭,৪৪১টি সিটি জরিপ খতিয়ান ও ৯১,৪৪,৭৬৫ টি আরএস খতিয়ান সার্ভারে সংরক্ষণ করা হয়েছে। দক্ষতা উন্নয়নের জন্য প্রায় ৯০০০ কর্মকর্তা/কর্মচারীকে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দেশের ২১২টি উপজেলায় ল্যান্ড জোনিং ম্যাপ প্রস্তুতসহ অনলাইনে ৭০ লক্ষ খতিয়ান জনসাধারণকে সরবরাহ করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ**

ডিজিটাল জরিপ কার্যক্রম বাস্তবায়ন ও অনলাইন সেবা প্রদান কার্যক্রমে জরিপ বিভাগে প্রশিক্ষিত ও কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল ও সফটওয়ারের অভাব রয়েছে। মাঠ পর্যায়ে রাজস্ব সার্কেল বৃদ্ধি ও ইউনিয়ন ভিত্তিক ভূমি অফিস সৃজিত না হওয়ায় এবং বর্তমান অনুমোদিত জনবলের মধ্যে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর অনেক পদ শূন্য থাকায় ভূমি সংক্রান্ত স্বাভাবিক সেবা প্রদানে সমস্যা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ঢাকা ও সিলেট বিভাগ ব্যতীত অপর ছয়টি বিভাগের সকল রাজস্ব অফিসে আইটি নেটওয়ার্ক স্থাপন করা হবে। সমগ্র দেশে ডিজিটাল জরিপ চালুকরণসহ অনলাইনে নক্সা ও খতিয়ান বিতরণ, সকল ম্যাপ ও খতিয়ান কম্পিউটারাইজড করা, সারাদেশে ১৩৯টি উপজেলা ভূমি অফিস ও ৩৬০০ টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ, ৭টি বিভাগীয় ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ২০টি জোনাল সেটেলমেন্ট অফিস প্রতিষ্ঠা, সার্ভে ও সেটেলমেন্ট একাডেমী স্থাপনসহ সকল জরিপ ও রাজস্ব অফিসে ই-হাজিরা চালু করা হবে। সকল উপজেলা ও ইউনিয়ন ভূমি ব্যবস্থাপনা অটোমেশনসহ দেশের ৬৪টি রেকর্ডরুম অটোমেশন করা হবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ম্যাপ ও খতিয়ানের কপি অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা করা হবে।

**২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ২০০টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ ও ৩০০০ জন গৃহহীনকে গুচ্ছগ্রামে পুনর্বাসন করা হবে।
- ১১৮৯ কোটি টাকা রাজস্ব আদায়, ২৩.৬০ লক্ষ নামপত্তন মোকদ্দমা, ১৬৬০০ সার্টিফিকেট মোকদ্দমা ও ১৫০০০ মিস মোকদ্দমা নিষ্পত্তি করা হবে। ৭০০০ জলমহাল, ৪৭০টি বালুমহাল ও ৬৫০০টি হটবাজার ইজারা দেয়া হবে।
- ৬.০০ লক্ষ খতিয়ান ও ৩.৫০ লক্ষ ম্যাপ প্রস্তুতপূর্বক ভূমি মালিকদের নিকট হস্তান্তর, ২০০.০০ লক্ষ খতিয়ান ডাটা এন্ট্রির মাধ্যমে কম্পিউটারে সংরক্ষণ করা হবে এবং ৫০০টি সীমানা পিলার মেরামত ও সংস্কার করা হবে।
- ৩৯৩০ জন কর্মকর্তা/কর্মচারীকে রাজস্ব ও জরিপ বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হবে।
- ৪৯১৩ টি অফিস/ইউনিট নিরীক্ষা করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ভূমি মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

দক্ষ, স্বচ্ছ এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

স্বচ্ছ, দক্ষ, আধুনিক ও টেকসই ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে ভূমির সর্বোত্তম ব্যবহার এবং ভূমি সংক্রান্ত জনবান্ধব সেবা নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ভূমি ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন ;
২. জরিপ, রেকর্ড সংশোধন ও ডিজিটাইজেশন কার্যক্রম জোরদারকরণ ;
৩. ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা হ্রাস।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ভূমি স্বত্ব ও মালিকানা সংরক্ষণ;
২. ভূমি রাজস্ব নির্ধারণ ও আদায়;
৩. খাস, অর্পিত ও পরিত্যাক্ত সম্পত্তি ব্যবস্থাপনা;
৪. ভূমি জরিপ, ম্যাপ ও খতিয়ান প্রস্তুতকরণ;
৫. সায়রাত মহাল ব্যবস্থাপনা;
৬. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সীমানা সমস্যা নিষ্পত্তি, সীমানা পিলার মেরামত ও সংরক্ষণ এবং
৭. ভূমি অধিগ্রহণ ও হুকুম দখল।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| ১. নিষ্কন্টক ভূমিস্বত্ব | স্বত্বলিপি হস্তান্তর ও হালনাগাদকৃত খতিয়ান | % | ১৭ | ১৯ | ২২ | ২৫ | ২৮ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ভূমি সংস্কার বোর্ড/ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ২. ভূমি তথ্যে সহজ প্রবেশাধিকার | সরবরাহকৃত ডিজিটাইজড খতিয়ান | % | ৩ | ৯ | ২০ | ৩০ | ৩৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ভূমি সংস্কার বোর্ড/ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ৩. ভূমিহীনদের সংখ্যা হ্রাস | পুনর্বাসিত ভূমিহীন পরিবার | % | ১.৫০ | ২.০০ | ২.৫০ | ৩.০০ | ৩.৫০ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় | ভূমি সংস্কার বোর্ড/গুচ্ছগ্রাম প্রকল্প |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন ; | ৪০ | [১.১] রেকর্ড হালকরণ | [১.১.১] হালনাগাদকৃত খতিয়ান | সংখ্যা (লক্ষ) | ১০.০০ | ২৩.০৫ | ১৮.০০ | ২৩.৬০ | ২৩.৪০ | ২৩.৩০ | ২৩.২০ | ২৩.১০ | ২৪.০০ | ২৪.৫০ |
| | | [১.২] ভূমি রাজস্ব আদায় | [১.২.১] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাঃ) | টাকা (কোটি) | ৫.০০ | ৩০২.৫৪ | ২৬৮.০০ | ৬৩০.০০ | ৬০০.০০ | ৫৮০.০০ | ৫৫০.০০ | ৫০০.০০ | ৬৫০.০০ | ৬৬০.০০ |
| | | | [১.২.২] ভূমি উন্নয়ন কর ব্যতীত আদায়কৃত অন্যান্য ভূমি রাজস্ব | টাকা (কোটি) | ১.০০ | ৩১৫ | ৬৫ | ১৯৫.০০ | ১৮০.০০ | ১৬০.০০ | ১৫৫.০০ | ১৫০.০০ | ২০০.০০ | ২২৫.০০ |
| | | | [১.২.৩] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | টাকা (কোটি) | ১.০০ | ৭৭.৯৩ | ১১.০০ | ১০০.০০ | ৯৫.০০ | ৯০.০০ | ৮৫.০০ | ৭৮.০০ | ১০৫.০০ | ১১০.০০ |
| | | [১.৩] কর বহির্ভূত রাজস্ব আদায় | [১.৩.১] আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | টাকা (কোটি) | ২.০০ | ৪৫২.০০ | ৬৭.০৮ | ২৬৪.০০ | ২৪০.০০ | ২৩০.০০ | ২১০.০০ | ২০০.০০ | ২৬৫.০০ | ২৭৭.০০ |
| | | [১.৪] সায়রাত মহাল ব্যবস্থাপনা | [১.৪.১] ইজারাকৃত জলমহাল | সংখ্যা | ১.০০ | ১৫০ | ৬০০০ | ৭০০০ | ৬৮০০ | ৬৫০০ | ৬৩০০ | ৬১০০ | ৭৮০০ | ৭৮০০ |
| | | | [১.৪.২] ইজারাকৃত বালুমহাল | সংখ্যা | ১.০০ | ৩৫৩ | ৪৫০ | ৪৭০ | ৪৬৫ | ৪৬০ | ৪৫৫ | ৪৫০ | ৪৯০ | ৪৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৪] সায়রাত মহাল ব্যবস্থাপনা | [১.৪.৩] ইজারাকৃত হাটবাজার | সংখ্যা | ১.০০ | ৬০৩২ | ৬১৫৭ | ৬৫০০ | ৬৪০০ | ৬২০০ | ৬১০০ | ৬০৫০ | ৬৮০০ | ৬৮০০ |
| | | [১.৫] ভূমি ব্যবস্থাপনা ও জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [১.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সংখ্যা | ২.০০ | ৩২৫০ | ২৩৬৯ | ৩৭৯০ | ৩৬০০ | ৩৫০০ | ৩৩৫০ | ৩৩০০ | ৩৬৪৭ | ৩৭২৫ |
| | | [১.৬] বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তা | সংখ্যা | ২.০০ | ২৫৪ | ১২৯ | ১৪০ | ১৩৮ | ১৩৫ | ১৩২ | ১৩০ | ১৪০ | ১৫০ |
| | | [১.৭] ভূমি অধিগ্রহণ | [১.৭.১] অধিগ্রহণকৃত ভূমি | একর | ১.০০ | ১০৮৮২.০১ | ২৯৬৩.৩৭০১ | ৩৫০০ | ৩৩৫০ | ৩২০০ | ৩১০০ | ৩০০০ | ৫৫০০ | ৫৮০০ |
| | | [১.৮] ভূমি বিরোধ নিষ্পত্তি | [১.৮.১] রাজস্ব কর্মকর্তা কর্তৃক মিসকেস নিষ্পত্তিকরণ | কেস সংখ্যা | ৩.০০ | ২১৪৫ | - ১৩৯৫২ | ১৫০০০ | ১৪৭৫০ | ১৪৫০০ | ১৪২০০ | ১৪০০০ | ১৫২৫০ | ১৫৫০০ |
| | | [১.৯] সার্টিফিকেট কেস নিষ্পত্তি | [১.৯.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা | সংখ্যা | ২.০০ | ১৯৮০৭ | ৭৭১৭ | ১৬৬০০ | ১৬৩০০ | ১৬০০০ | ১৫৭০০ | ১৫৫০০ | ১৬৭০০ | ১৬৮০০ |
| | | [১.১০] ভূমি আপীল বোর্ডের আপীল মামলা নিষ্পত্তি | [১.১০.১] নিষ্পত্তিকৃত আপীল মামলা | সংখ্যা | ২.০০ | ৫৫৭ | ৪০৮ | ৪৬০ | ৪৫৫ | ৪৫০ | ৪৪৫ | ৪৪০ | ৪৬১ | ৪৬২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.১১] কোর্ট অব ওয়ার্ডস এর ভূমি ব্যবস্থাপনা (ঢাকা নওয়াব এস্টেট) | [১.১১.১] লীজ প্রদানকৃত জমির পরিমান | একর | ০.৫০ | ২০.০০ | ১৭.১৩ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২৫ | ২৬ |
| | | | [১.১১.২] লীজ বাবদ আদায়কৃত অর্থ | টাকা (কোটি) | ০.৫০ | ১.৪৪ | ১.০৩ | ১.৭৫ | ১.৬০ | ১.৫৫ | ১.৫০ | ১.৪৫ | ২.০০ | ২.১০ |
| | | [১.১২] কোর্ট অব ওয়ার্ডস এর ভূমি ব্যবস্থাপনা (ভাওয়াল রাজ এস্টেট) | [১.১২.১] লীজ প্রদানকৃত জমির পরিমাণ | একর | ০.৫০ | ৫০.৪২ | ৩৫.৩০ | ৫৫.০০ | ৫৩.০০ | ৫২.০০ | ৫১.০০ | ৫০.০০ | ৬০.০০ | ৭০.০০ |
| | | | [১.১২.২] লীজ বাবদ আদায়কৃত অর্থ | টাকা (কোটি) | ০.৫০ | ২.০৬ | ১.১০ | ২.২০ | ২.১০ | ২.০৫ | ২.০০ | ১.৮০ | ২.৩০ | ২.৪০ |
| | | [১.১৩] নিরীক্ষা কার্যক্রম পরিচালনা | [১.১৩.১] নিরীক্ষাকৃত অফিস | সংখ্যা | ২.০০ | ৪৮৯০ | ৩৬৯৫ | ৪৯১৩ | ৪৯০৫ | ৪৯০০ | ৪৮৯৫ | ৪৮৯০ | ৪৯১৩ | ৪৯১৩ |
| | | [১.১৪] ভূমি অফিস নির্মাণ | [১.১৪.১] নির্মাণকৃত ইউনিয়ন ভূমি অফিস | সংখ্যা | ২.০০ | ০ | ০ | ২০০ | ১৯৫ | ১৯০ | ১৮৫ | ১৮০ | ২২৫ | ৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] জরিপ, রেকর্ড সংশোধন ও ডিজিটাইজেশন কার্যক্রম জোরদারকরণ ; | ৩২ | [২.১] মৌজা জরিপকরণ | [২.১.১] জরিপকৃত মৌজা | সংখ্যা | ৫.০০ | ৮৪৩ | ৪৬৪ | ৬০০ | ৫৫০ | ৫৩০ | ৫০০ | ৪৭০ | ৭০০ | ৮০০ |
| | | [২.২] স্বত্বলিপি প্রস্তুত ও প্রকাশ | [২.২.১] প্রস্তুতকৃত স্বত্বলিপি | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১১.৩৪ | ১১.৫৬ | ৬.০০ | ৫.৯ | ৫.৭ | ৫.৬ | ৫.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | | [২.২.২] স্বত্বলিপি প্রকাশ | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২২.১১ | ১১.৩৬ | ৬.০০ | ৫.৯ | ৫.৭ | ৫.৬ | ৫.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | [২.৩] স্বত্বলিপি হস্তান্তর | [২.৩.১] ভূমি রাজস্ব কর্তৃপক্ষের নিকট স্বত্বলিপি হস্তান্তর | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৬.২৪ | ১২.১৩ | ৬.০০ | ৫.৯ | ৫.৭ | ৫.৬ | ৫.৫ | ৬.৫০ | ৬.৫০ |
| | | | [২.৩.২] ভূমি মালিকদের নিকট স্বত্বলিপি হস্তান্তর | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২২.১১ | ১১.৩৬ | ৬.০০ | ৫.৯ | ৫.৭ | ৫.৬ | ৫.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | [২.৪] অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ ও আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভ্যন্তরীণ সীমানা বিরোধ | সংখ্যা | ৩.০০ | ৭ | ৩ | ৪ | ৩ | ০ | ০ | ০ | ৪ | ৪ |
| | | | [২.৪.২] সংরক্ষণ ও মেরামতকৃত সীমানা পিলার | সংখ্যা | ১.০০ | ৯৬৬ | ১৬০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৭৫ | ৩৫০ | ৫২৫ | ৫৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ ও আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি | [২.৪.৩] যৌথ সীমান্ত সম্মেলন | সংখ্যা | ১.০০ | ৫ | ২ | ৩ | ২ | ০ | ০ | ০ | ৫ | ৫ |
| | | | [২.৪.৪] যৌথভাবে সীমানা পরিদর্শন | সংখ্যা | ১.০০ | ১ | ৫ | ৫ | ৪ | ০ | ০ | ০ | ৫ | ৫ |
| | | [২.৫] স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষণ | [২.৫.১] সিএস,এসএ ও আরএস খতিয়ান কম্পিউটারাইজডকৃত | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ০ | ২২.০০ | ২০০.০০ | ১৯০.০০ | ১৮০.০০ | ১৭০.০০ | ১৬০.০০ | ২০০.০০ | |
| | | [২.৬] স্বত্বলিপি ও ম্যাপ সরবরাহকরণ | [২.৬.১] জোনাল সেটেলমেন্ট অফিসারগণের নিকট স্বত্বলিপি সরবরাহ করণ | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৫.৬৯ | ৮.২১ | ৮.০০ | ৭.৮০ | ৭.৫০ | ৭.২০ | ৭.০০ | ৯.০০ | ৯.০০ |
| | | | [২.৬.২] জোনাল সেটেলমেন্ট অফিসারগণের নিকট ম্যাপ সরবরাহকরণ | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২.৩২ | ৩.০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩৫ | ৩.২৫ | ৩.০০ | ৩.৭৫ | ৪.০০ |
| [৩] ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা হ্রাস। | ৮ | [৩.১] কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান | [৩.১.১] বন্দোবস্তকৃত কৃষি খাসজমি | একর | ২.০০ | ৭৫১৮ | ১১৩২৬.০৪৩৮ | ৮০০০ | ৭৮০০ | ৭৭০০ | ৭৬০০ | ৭৫৫০ | ৫০০০ | ৫০০০ |
| | | | [৩.১.২] সনাক্তকৃত ভূমিহীন | সংখ্যা | ২.০০ | ১৪০৫০ | ১৫৫১৪ | ১৬০০০ | ১৫৯০০ | ১৫৮০০ | ১৫৬০০ | ১৫৫০০ | ২১০০০ | ২১০০০ |
| | | | [৩.১.৩] নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | সংখ্যা | ২.০০ | ১১৪৫৬ | ৯০৩০ | ৯০৫০ | ৯০৪৫ | ৯০৪০ | ৯০৩৫ | ৯০৩০ | ১০০০০ | ১০৫০০ |
| | | [৩.২] অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | [৩.২.১] বন্দোবস্তকৃত অকৃষি খাসজমি | একর | ১.০০ | ১০২৩৮ | ৪৪১২.১১২৬ | ৫০০ | ৪০০ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ১০০০ | ১০০০ |
| | | [৩.৩] গুচ্ছগ্রাম সৃজন | [৩.৩.১] গৃহহীনদের জন্য নির্মাণকৃত ঘর | সংখ্যা | ১.০০ | ০ | ১৪৭ | ৩০০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ২৫০০ | ৩০০০ | ৩১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | - | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ভূমি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ভূমি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | 8/8/2016 |
| সচিব<br>ভূমি মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ০৪.০৮.২০১৬ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ভূ উ ক | ভূমি উন্নয়ন কর |
| ২ | ইউ ভূ অ | ইউনিয়ন ভূমি অফিস |
| ৩ | সহ ব স | সহকারী বন সংরক্ষক |
| ৪ | যু জে জ | যুগ্ম জেলা জজ |
| ৫ | ভূ স বো | ভূমি সংস্কার বোর্ড |
| ৬ | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস |
| ৭ | ভূ প্র প্র কে | ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| ৮ | উনিঅ | উপজেলা নির্বাহী অফিসার |
| ৯ | স ক ভূ | সহকারী কমিশনার (ভূমি) |
| ১০ | অতি পু সু | অতিরিক্ত পুলিশ সুপার |
| ১১ | সহ পু সু | সহকারী পুলিশ সুপার |
| ১২ | সহ জে জ | সহকারী জেলা জজ |
| ১৩ | আর ও আর | স্বত্বলিপি (রেকর্ড অব রাইটস) |
| ১৪ | সায়রাতমহাল | জলমহাল, বালুমহাল, পাথরমহাল, চিংড়ীমহাল, লবন মহাল ইত্যাদি |
| ১৫ | অ জে প্র | অতিরিক্ত জেলা প্রশাসক |
| ১৬ | অতিঃ বি ক | অতিরিক্ত বিভাগীয় কমিশনার |
| ১৭ | বি এম সি | বাজেট ব্যবস্থাপনা কমিটি |
| ১৮ | ভূ রে জ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর |
| ১৯ | ভূ আ বো | ভূমি আপিল বোর্ড |
| ২০ | হি নি রা | হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) |
| ২১ | বি ক | বিভাগীয় কমিশনার |
| ২২ | ভূম | ভূমি মন্ত্রণালয় |
| ২৩ | জে প্র | জেলা প্রশাসক |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রেকর্ড হালকরণ | [১.১.১] হালনাগাদকৃত খতিয়ান | বিক্রয়, হেবা, দানসহ বিভিন্নভাবে ভূমি রেজিস্ট্রেশনমূলে ভূমি হস্তান্তরের পর নামজারী মামলা রুজু, সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নামজারী মামলা অনুমোদনসহ নতুন খতিয়ান সৃজনের অনুমতি প্রদান এবং সে বিষয়ে ইউনিয়ন ভূমি অফিসে পুরানো খতিয়ান সংশোধন এবং নতুন খতিয়ান সৃজন | ইউনিয়ন ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি) অফিস | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] ভূমি রাজস্ব আদায় | [১.২.১] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাঃ) | ভূমি মালিকদের নিকট থেকে সরকার কর্তৃক নির্ধারিত কৃষিজমির ক্ষেত্রে ২৫ (পঁচিশ) বিঘার উর্দ্ধে এবং অকৃষি সকল ভূমির ভূমি উন্নয়ন কর আদায় | ইউনিয়ন ভূমি অফিস | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] ভূমি উন্নয়ন কর ব্যতীত আদায়কৃত অন্যান্য ভূমি রাজস্ব | সায়রাত মহাল, অর্পিত সম্পত্তি ইজারা, জরিপ ও বন্দোবস্ত ইত্যাদি বাবদ আদায় | ইউনিয়ন ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি) অফিস, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৩] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | বিভিন্ন সংস্থার মালিকানাধীন জমির ভূমি উন্নয়ন কর আদায় | ইউনিয়ন ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি) অফিস, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] কর বহির্ভূত রাজস্ব আদায় | [১.৩.১] আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | অকৃষি খাস জমি বিক্রয় লব্ধ অর্থ, অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থ, নামজারী ফি, সায়রাতমহাল হতে প্রাপ্ত ইজারা মূল্য ইত্যাদি। | জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, বিভাগীয় কমিশনার | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] সায়রাত মহাল ব্যবস্থাপনা | [১.৪.১] ইজারাকৃত জলমহাল | বিভিন্ন ধরণের জলমহাল ইজারা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, ভূমি মন্ত্রণালয় | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.২] ইজারাকৃত বালুমহাল | বালু উত্তোলনের জন্য বালুমহাল ইজারা প্রদান | জেলা প্রশাসক, ভূমি মন্ত্রণালয় | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৪.৩] ইজারাকৃত হাটবাজার | হাটবাজার ইজারা প্রদান | জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, সিটি কর্পোরেশন, পৌরসভা | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] ভূমি ব্যবস্থাপনা ও জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [১.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ভূমি উন্নয়ন কর আদায়, ভূমি অধিগ্রহণ, সার্টিফিকেট মামলা সংক্রান্ত, ইত্যাদি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তা | সহকারী কমিশনার (ভূমি), সহকারী/অতিরিক্ত পুলিশ সুপার, সহকারী/অতিরিক্ত যুগ্ম জেলা জজ, সহকারী বন সংরক্ষকদের জরিপ ও ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] ভূমি অধিগ্রহণ | [১.৭.১] অধিগ্রহণকৃত ভূমি | সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ | জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] ভূমি বিরোধ নিষ্পত্তি | [১.৮.১] রাজস্ব কর্মকর্তা কর্তৃক মিসকেস নিষ্পত্তিকরণ | সহকারী কমিশনার (ভূমি), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ভূমি আপিল বোর্ড কর্তৃক ভূমি সংক্রান্ত বিভিন্ন মিস কেস নিষ্পত্তিকরণ | সহকারী কমিশনার (ভূমি), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ভূমি আপিল বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] সার্টিফিকেট কেস নিষ্পত্তি | [১.৯.১] সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা | বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে দায়েরকৃত সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | সহকারী কমিশনার (ভূমি) | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১০] ভূমি আপীল বোর্ডের আপীল মামলা নিষ্পত্তি | [১.১০.১] নিষ্পত্তিকৃত আপীল মামলা | ভূমি আপীল বোর্ড কর্তৃক অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) কর্তৃক প্রদত্ত বিভিন্ন রাজস্ব মামলার আপীল শুনানীঅন্তে রায় প্রদান | ভূমি আপীল বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] কোর্ট অব ওয়ার্ডস এর ভূমি ব্যবস্থাপনা (ঢাকা নওয়াব এস্টেট) | [১.১১.১] লীজ প্রদানকৃত জমির পরিমান | কোর্ট অব ওয়ার্ডস, এর ভূমি ব্যবস্থাপনা (ঢাকা নওয়াব এস্টেট) | ভূমি সংস্কার বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১১.২] লীজ বাবদ আদায়কৃত অর্থ | কোর্ট অব ওয়ার্ডস, এর ভূমি ইজারার টাকা আদায় (ঢাকা নওয়াব এস্টেট) | ভূমি সংস্কার বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১২] কোর্ট অব ওয়ার্ডস এর ভূমি ব্যবস্থাপনা (ভাওয়াল রাজ এস্টেট) | [১.১২.১] লীজ প্রদানকৃত জমির পরিমাণ | কোর্ট অব ওয়ার্ডস এর ভূমি ব্যবস্থাপনা (ভাওয়াল রাজ এস্টেট) | ভূমি সংস্কার বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১২.২] লীজ বাবদ আদায়কৃত অর্থ | কোর্ট অব ওয়ার্ডস, এর ভূমি ইজারার টাকা আদায় (ভাওয়াল রাজ এস্টেট) | ভূমি সংস্কার বোর্ড | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৩] নিরীক্ষা কার্যক্রম পরিচালনা | [১.১৩.১] নিরীক্ষাকৃত অফিস | ইউনিয়ন ভূমি অফিস, সহকারী কমিশনার (ভূমি) অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের এসএ, এলএ, ভিপি শাখা, উপজেলা সেটেলমেন্ট অফিস, জোনাল সেটেলমেন্ট অফিস এবং কোর্ট অব ওয়ার্ডস অফিস নিরীক্ষা করণ | হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.১৪] ভূমি অফিস নির্মাণ | [১.১৪.১] নির্মাণকৃত ইউনিয়ন ভূমি অফিস | ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন ভূমি অফিস (তহশিল) নির্মাণ করণ | উপজেলা নিবার্হী অফিসার, জেলা প্রশাসক, ভূমি মন্ত্রণালয় | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] মৌজা জরিপকরণ | [২.১.১] জরিপকৃত মৌজা | দেশের বিভিন্ন এলাকার মৌজাসমূহ জরিপকরণ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.২] স্বত্বলিপি প্রস্তুত ও প্রকাশ | [২.২.১] প্রস্তুতকৃত স্বত্বলিপি | ভূমি মালিকানা স্বত্বলিপি প্রস্তুত ও প্রকাশ করা | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] স্বত্বলিপি প্রকাশ | ভূমি মালিকদের জ্ঞাতার্থে স্বত্বলিপি প্রকাশ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] স্বত্বলিপি হস্তান্তর | [২.৩.১] ভূমি রাজস্ব কর্তৃপক্ষের নিকট স্বত্বলিপি হস্তান্তর | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি), জেলা প্রশাসক এর নিকট স্বত্বলিপি হস্তান্তর | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] ভূমি মালিকদের নিকট স্বত্বলিপি হস্তান্তর | ভূমির মালিকদের নিকট প্রস্তুতকৃত ও প্রকাশিত স্বত্বলিপি হস্তান্তর | ইউনিয়ন ভূমি অফিস, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] অভ্যন্তরীণ সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ ও আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভ্যন্তরীণ সীমানা বিরোধ | দেশের অভ্যন্তরে সীমানা বিরোধ নিষ্পত্তিকরণ | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.২] সংরক্ষণ ও মেরামতকৃত সীমানা পিলার | প্রতিবেশী দেশসমূহের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক সীমানা পিলার সমূহ সংরক্ষণ ও মেরামত করা | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.৩] যৌথ সীমান্ত সম্মেলন | প্রতিবেশী দেশসমূহের সীমানা সংক্রান্ত বিষয়ে যৌথ সম্মেলন | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.৪] যৌথভাবে সীমানা পরিদর্শন | প্রতিবেশী দেশসমূহের সাথে যৌথভাবে আন্তর্জাতিক সীমানা পরিদর্শন | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষণ | [২.৫.১] সিএস,এসএ ও আরএস খতিয়ান কম্পিউটারাইজডকৃত | জেলা রেকর্ড রুমে রক্ষিত সিএস, এস এ, ও আর এস খতিয়ানসমূহ সফটওয়্যার মাধ্যমে টাইপ করে কম্পিউটারে সংরক্ষণ করা হয় বা জনগণের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ করা হয়। | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] স্বত্বলিপি ও ম্যাপ সরবরাহকরণ | [২.৬.১] জোনাল সেটেলমেন্ট অফিসারগণের নিকট স্বত্বলিপি সরবরাহ করণ | ভূমি মালিকদের নিকট স্বত্ব লিপি সরবরাহ করা | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৬.২] জোনাল সেটেলমেন্ট অফিসারগণের নিকট ম্যাপ সরবরাহকরণ | ভূমি মালিকদের নিকট ম্যাপ সরবরাহ করা | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদান | [৩.১.১] বন্দোবস্তকৃত কৃষি খাসজমি | ভূমিহীন কৃষকদের মধ্যে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান করা | ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] সনাক্তকৃত ভূমিহীন | সারাদেশে ভূমিহীন কৃষকদের চিহ্নিতকরণ | ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৩] নিষ্পত্তিকৃত বন্দোবস্ত মোকদ্দমা | ভূমিহীনদের মধ্যে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদানের উদ্দেশ্যে সৃজিত বন্দোবস্ত মোকদ্দমা নিষ্পত্তি করা | ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | [৩.২.১] বন্দোবস্তকৃত অকৃষি খাসজমি | অকৃষি খাসজমি বন্দোবস্ত গ্রহণে আগ্রহী ব্যাক্তিবর্গের মধ্যে কৃষি কাজ ব্যতিত অন্যান্য প্রয়োজনে অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, ভূমি মন্ত্রণালয় | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] গুচ্ছগ্রাম সৃজন | [৩.৩.১] গৃহহীনদের জন্য নির্মাণকৃত ঘর | বাংলাদেশে প্রত্যন্ত অঞ্চলে ভূমিহীন ও গৃহহীনদের খাসজমিতে ১৫ বা তদূর্ধ পরিবারকে এক জায়গায় খাসজমি প্রদানসহ গৃহ নির্মাণ করে দেয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, ভূমি মন্ত্রণালয় | মাসিক প্রতিবেদন পর্যালোচনা | ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | প্রশিক্ষণ প্রাপ্ত বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তা | কর্মকর্তা মনোনয়ন | ভূমি সংক্রান্ত বিভিন্ন আইন কানুন, সার্কুলার ইত্যাদি জানা থাকলে সেবা দেয়া সহজ হবে | উন্নততর সেবা প্রদান ও প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হবে। |
| অন্যান্য | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | বন্দোবস্তকৃত কৃষি খাসজমি | কবুলিয়াত রেজিস্ট্রেশন | দলিল রেজিস্ট্রেশনের সাথে সাব-রেজিস্ট্রারবৃন্দ সম্পৃক্ত | কবুলিয়ত রেজিস্ট্রেশন ছাড়া কবুলিয়ত প্রদান অর্থহীন |
| অন্যান্য | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা | পুলিশি সহায়তা | সার্টিফিকেট মামলায় ওয়ারেন্ট তামিল কর্মকান্ডে পুলিশি সহায়তা | সার্টিফিকেট মামলায় ওয়ারেন্ট তামিল কার্যক্রম ব্যহত হবে |
| অন্যান্য | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রশিক্ষণ প্রাপ্ত বিসিএস ক্যাডার ও বিচার বিভাগীয় কর্মকর্তা | কর্মকর্তা মনোনয়ন | সেটেলমেন্ট ট্রেনিং এ পুলিশের কর্মকর্তাগণকে ভূমির বিভিন্ন আইন, বিধি, সার্কুলার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। | প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হবে |